দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৪৮/২০২৩

তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০২০ সংশোধন প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালায় মৌলিক অধিকার পরিপন্থী কতিপয় বিধি সংশোধনের দাবীতে ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন এর নেতৃত্বে দেশের সকল সিএন্ডএফ এজেন্টগণ দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে আসছিলেন। সিএন্ডএফ এজেন্টদের জোরালো দাবীর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর কতিপয় বিধি সংশোধন করা হয়েছে। বিশেষ করে, **উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তরের শর্ত শিথিল করে মনোনীত উত্তরাধিকারীর ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে উত্তরাধিকারীর মৌখিক পরীক্ষা গ্রহন পূর্বক লাইসেন্স হস্তান্তর করার শর্ত বিধিমালায় সন্নিবেশিত করা হয়েছে।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর সংশোধনী এস.আর.ও নং ২৩৯-আইন/২০২৩/১৯৩/কাস্টমস, তারিখ-০২/০৮/২০২৩ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

কাজী মাহমুদ ইমাম (বিলু)
সাধারণ সম্পাদক

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, আগস্ট ৯, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/০২ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৩৯-আইন/২০২৩/১৯৩/কাস্টমস।**—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1) এবং (2), Third Schedule এর item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১৫ এর উপ-বিধি (৫) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ঘ) কাস্টমস এজেন্টের ইচ্ছাকৃত কার্য, অবহেলা অথবা ত্রুটির কারণে কোনো শুল্ক অনারোপিত থাকিলে বা কম আরোপিত হইলে অথবা প্রতারণা বা ইচ্ছাকৃত বিভ্রান্তির (willful misleading) কারণে শুল্ক ফেরত প্রদানের পরিপ্রেক্ষিতে কোনো মামলার উদ্ভব হইলে বা সরকারি পাওনা বকেয়া থাকিলে।”;

(২) বিধি ১৯ এর দফা (খ) এর উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপিত হইবে, যথা:—


**মূল্য :** টাকা ৪.০০

"(আ) লাইসেন্সিং কর্তৃপক্ষ দফা (ক) অনুযায়ী আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে মনোনীত উত্তরাধিকারীর ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত বিবেচনায় বৈধ উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তর করিতে পারিবে:";

(৩) বিধি ২৩ এর উপ-বিধি (১) এর দফা (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঞ) কাস্টমস এজেন্টের ইচ্ছাকৃত কার্য, অবহেলা অথবা ত্রুটির কারণে কোনো শুল্ক অনারোপিত থাকিলে বা কম আরোপিত হইলে অথবা প্রতারণা বা ইচ্ছাকৃত বিভ্রান্তির (willful misleading) কারণে শুল্ক ফেরত প্রদান করা হইলে;"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd